

❖ প্রথাগত নাটকের সঙ্গে অ্যাবসার্ড নাটকের পার্থক্য লেখো।

তমাল কান্তি পাল

বাংলা বিভাগ, ডোমকল কলেজ।

- প্রথাগত নাটকের যে বিকাশ ও পরিণতি থাকে অ্যাবসার্ড নাটকে তা থাকে না। অ্যাবসার্ড নাটকের সূচনা ও বিস্তার থাকলেও সমাপ্তির নির্দিষ্ট কোনও নিয়ম নেই।
- প্রথাগত নাটকের ভাষা সহজবোধ্য এবং সমাজ নির্দিষ্ট অর্থই প্রকাশ করে, কিন্তু অ্যাবসার্ড নাটকের ভাষায় সমাজনির্দিষ্ট অর্থ সময় প্রকাশ পায় না।
- প্রথাগত নাটকে ঘটনা পরম্পরা একটা যুক্তি-শৃঙ্খল মেনে চলে। অ্যাবসার্ড নাটকে এরকম ধরাবাঁধা নিয়ম নেই।
- প্রথাগত নাটকে স্থান- কালের মধ্যে সঙ্গতি থাকে। কিন্তু অ্যাবসার্ড নাটকে তা থাকেনা। যে কোনও নির্দিষ্ট নিয়মকে লংঘন করাই যেন তার উদ্দেশ্য।
- প্রথাগত নাটকে যবনিকা উত্তোলনের পর থেকেই তার শেষের দিকে ধারিত হয়। কোথাও থেমে যায় না। সমাপ্তির দিকে যাওয়াই তার ভবিতব্য। অ্যাবসার্ড নাটকে এরকম কোনও নিয়ম মানা হয় না।

অ্যাবসার্ড নাটক আধুনিক জীবনযাত্রার সঙ্গে সঙ্গতিপূর্ণ একটি নাট্যরূপ। আধুনিক মানুষের মনের প্রতিচ্ছবি এই ধারার নাটক। নানাজাতীয় বিচ্ছিন্নতাবোধ মানুষের মধ্যে কাজ করে। বিচ্ছিন্নতারতত্ত্ব একালের সকল মানুষের কাছেই কম-বেশি-সত্য। আধুনিক মানুষের সংকটকেই আসলে অ্যাবসার্ড নাটকের রচয়িতারা তুলে ধরতে চেয়েছেন।